শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪০২.১২-২০৪ তারিখঃ ২৭ চৈত্র ১৪২৫ / ১০ এপ্রিল ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৭৬৯৩/২০১২ মামলার গত ২৪.০৪.২০১৪ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না হওয়ার কারণ সম্পর্কে TMED -কে অবহিতকরণ।

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৭৬/আইন/২০১২/১২৫৯/২, তারিখ: ১৪.১১.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন ফতেহপুর জে.ইউ. সিনিয়র ফাযিল (ডিগ্রী) মাদ্রাসায় অধ্যক্ষ পদে ২৬/০৮/২০০২ তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে ইনডেক্স নং-০৩১৪৭৭ এর মাধ্যমে এমপিওভুক্ত হন।

০২। পরবর্তীতে উক্ত মাদ্রাসা হতে ২৫/১০/২০১১ তারিখে ছাড়পত্র গ্রহণ করে যথাযথ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে বিগত ২৬/১০/২০১১ তারিখে কাশিমনগর নুরিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা, রামগঞ্জ, লক্ষ্মীপুর এ অধ্যক্ষ পদে যোগদান করা হয় (পৃ: ৭ ও ৮)।

০৩। অত:পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মার্চ/২০১২ মাস হতে একই ইনডেক্স নম্বরে (ইনডেক্স নং-০৩১৪৭৭) কাশিমনগর নুরিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা, রামগঞ্জ, লক্ষ্মীপুর -এ অধ্যক্ষ পদে এমপিওভুক্ত হন। ফলে এক প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নিয়ে অন্য প্রতিষ্ঠানে যোগদানকরত: এমপিওভুক্ত হওয়ার মধ্যবর্তী সময় ২৬/১০/২০১১ থেকে ২৯/০২/২০১২ পর্যন্ত (৪ মাস ৫ দিন) বেতন ভাতার সরকারি অংশ বকেয়া রয়ে যায় মর্মে অনুমিত হয়।

০৪। অধ্যক্ষ, মুহাম্মদ আবদুর রহিম কর্তৃক বিগত ২৬/১০/২০১১ থেকে ২৯/০২/২০১২ পর্যন্ত (৪ মাস ৫ দিন) সময়ের বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) পরিশোধের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৬৯৩/২০১২ দায়ের করা হয়। উক্ত মামলার ২৪/০৪/২০১৪ তারিখের রায়/নির্দেশনা নিম্নরূপ-

> "In the result, the Rule is made absolute. The respondents are directed to pay the petitioners' salary and other service benefits, if any, under the MPO for the period 26.10.2011 to 29.02 2012 within 60 (sixty) days from the date of receipt of the judgment" (পৃ: ১৮).

০৫। উক্ত রায়/আদেশ স্থগিতকরণসহ আপীল দায়েরের নির্দেশনা দিয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে ২২/৬/২০১৪ তারিখে ২৫২ সংখ্যক স্মারকে মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে মাউশি অধিদপ্তর হতে উক্ত রায়ের বিরুদ্ধে আপিল (CMP/CP) দায়েরসহ রায় স্থগিতকরণের জন্য ৩০/৬/২০১৪ তারিখে ওএম/১৭৬/আইন/২০১২/২৫৯২৪/২ জিএ সংখ্যক স্মারকে ডেপুটি সলিসিটর (রীট) বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৬। উক্ত রায়ের বিরুদ্ধে অদ্যাবধি সলিসিটর উইং কর্তৃক আপীল দায়ের করা হয়নি মর্মে সূত্রে বর্ণিত স্মারকমূলে মাউশি অধিদপ্তর কর্তৃক তথ্য প্রদান করা হয়।

০৭। রিট পিটিশন নং-৭৬৯৩/২০১২ মামলার রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে যে, The respondents have not filed any affidavit in opposition controverting the statement as made in the writ petition. অর্থাৎ রিট মামলায় সরকার পক্ষ তথা মাউশি অধিদপ্তর হতে affidavit in opposition দাখিল যেমন হয়নি তেমনিভাবে রিট মামলায় সুযোগ থাকা সত্ত্বেও নিজস্ব আইনজীবী দ্বারা ন্যূনতম contest করা হয়নি।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৬৯৩/২০১২ মামলার ২৪.০৪.২০১৪ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে মাউশি অধিদপ্তরের নিজস্ব আইনজীবী দ্বারা কেন আপীল দায়ের করা হয়নি উহার কারণ আগামী ২৫.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে TMED-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।